

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/১২এ-৯২/রে-৮৯৩৬

তারিখ: ২০/০৫/২০২৬

অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯-০৬-২০১১খ্রিঃ/০৫-০৩-১৪১৮বঃ তারিখের ০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) নং পরিপত্রে উপাচার্য মহোদয়কে প্রদত্ত ক্ষমতাবলে এই বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ রুহুল আমিন- কে ব্যক্তিগত কারণে আগামী ৩০/০৫/২০২৬ তারিখ হতে ১৯/০৬/২০২৬ তারিখ পর্যন্ত কানাডা গমন ও অবস্থানের অনুমতি এতদ্বারা প্রদান করা হলো।

এতদসংক্রান্তে যাবতীয় ব্যয়ভার তিনি নিজে বহন করবেন। এতদ্ব্যতীত এই ভ্রমণ সংশ্লিষ্টে বিশ্ববিদ্যালয় বা বাংলাদেশ সরকারের কোনরূপ আর্থিক সংশ্লেষ থাকবে না।

এ বিষয়ে তাকে নিয়মানুযায়ী ছুটি মঞ্জুর করা হবে। দেশে ফিরে বিশ্ববিদ্যালয়ে যোগদানের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

তার অবর্তমানে নির্ধারিত একাডেমিক দায়িত্ব একই বিভাগের প্রভাষক জনাব প্রণয় চৌধুরী পালন করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

স্বাক্ষর/-

(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)

রেজিস্ট্রার (অ. দা.)

ফোন-০২২২৩৩৬৫৬১৬

তারিখ: ২০/০৫/২০২৬

নং সংস্থা/১২এ-৯২/রে-৮৯৩৬(১৩)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. জনাব মোঃ রুহুল আমিন, সহকারী অধ্যাপক, স্থাপত্য বিভাগ, বা. প্র. বি., ঢাকা।
২. জনাব প্রণয় চৌধুরী, প্রভাষক, স্থাপত্য বিভাগ, বা. প্র. বি., ঢাকা।
৩. বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ, বা. প্র. বি., ঢাকা।
৪. কম্পট্রোলার, বা. প্র. বি., ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বা. প্র. বি., ঢাকা।
৬. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৭. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৮. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৯. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
১০. মহাপরিচালক, বহিরাগমন ও ছাড়পত্র, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
১১. পরিচালক, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১২. এমআইএসও, রেজিস্ট্রার অফিস, বা. প্র. বি., ঢাকা।
১৩. ব্যক্তিগত ফাইল/গার্ড ফাইল।

১
২০/০৫/২৬

(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)

রেজিস্ট্রার (অ. দা.)